

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪২ বঙ্গাব্দ/২৩ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ)/১৪৫—সরকার জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত ৫ বছর মেয়াদি পরিবার সঞ্চয়পত্র, ৫ বছর মেয়াদি পেনশনার সঞ্চয়পত্র, ৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র, ৩ বছর মেয়াদি ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদি হিসাব এর বিদ্যমান সুদের হার নিম্নোক্ত হারে পুনর্নির্ধারণ করিলেন :

ক্র/নং	সঞ্চয় স্কীমসমূহ	বিদ্যমান সুদের হার	পুনর্নির্ধারিত সুদের হার	মন্তব্য
(১)	পরিবার সঞ্চয়পত্র (৫ বছর মেয়াদি)	১৩.৪৫%	১১.৫২%	
(২)	পেনশনার সঞ্চয়পত্র (৫ বছর মেয়াদি)	১৩.১৯%	১১.৭৬%	
(৩)	ডাকঘর সঞ্চয়পত্র (৩ বছর মেয়াদি)	১৩.২৪%	১১.২৮%	
(৪)	বাংলাদেশ সঞ্চয়পত্র	১৩.১৯%	১১.২৮%	
(৫)	৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র (৩ বছর মেয়াদি)	১২.৫৯%	১১.০৪%	

(৩৭৫৫)

মূল্য : টাকা ৪.০০

০২। হিসাবের সুবিধার্থে মাসিক/৩ মাস/৩ বছর (মেয়াদান্তে)/৫ বছর (মেয়াদান্তে) মেয়াদি স্কীমের মুনাফার পরিমাণ ৫ গুণিতক সংখ্যায় নির্ধারণ হইবে।

০৩। ডাকঘর সঞ্চয়পত্র ব্যাংক (সাধারণ হিসাব) স্কীমের সুদের হার বর্তমানে কম থাকা এবং ওয়েজ আর্নারদের দেশে অর্থ প্রেরণ উৎসাহিত করার জন্য ৫ বছর মেয়াদি ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের সুদের হার অপরিবর্তিত রাখা হলো। এ ক্ষেত্রে বিদ্যমান সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম সমন্বয়পূর্বক বর্তমান সুদের হারের সমান যথাক্রমে ৭.৫% এবং ১২% নির্ধারণ করা হইল।

০৪। সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তৃক ইস্যুকৃত কর্তনের বিধান বহাল এবং সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম প্রদানের বর্তমান বিধান বিলুপ্ত করা হইল।

০৫। জনস্বার্থে জারীকৃত এই আদেশ প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে। প্রজ্ঞাপন জারীর তারিখের পূর্বে ক্রয়কৃত সকল সঞ্চয় স্কীমসমূহের ক্ষেত্রে ক্রয়কালীন সময়ের বিদ্যমান হারে মুনাফা প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
সচিব